

## তাগিদ

\*\*\*\*\*

স্মৃতিগুলো বেঁচে আছে স্বপ্ন হয়ে  
নাকি স্বপ্ন পূরনের তাগিদে বেঁচে থাকা!  
না বেঁচে থাকার অভিনয় .....

নাকি জীবন্ত লাশটাকে বয়ে বেড়ানো।  
বন্ধুত্ব টা কি? শুধুই কি একটা নাম মাত্র কথা,  
নাকি বন্ধুত্ব মানে সারাজীবনের একটা সম্পর্ক।  
ভালোবাসা মানে কি শুধুই একটা আবেগ  
নাকি আজ ভালোবাসার অর্থ  
শুধুই শরীরি কামুক চাহিদা।  
নাকি সেই চাহিদা মেটানোর তাগিদ?  
স্বাধীনতা মানে কি? শুধুই কি  
স্বাধীন ভাবে বেঁচে থাকা,  
স্বাধীনতার মানে কিছু দায়িত্ব কি নই,,  
কিছু কর্তব্য নিজের জন্মভূমির প্রতি  
স্বাধীনতার চুলচেরা বিশ্লেষণ না করে  
স্বাধীনতা কে বাঁচিয়ে রাখার তাগিদ।

মীর গোলাম সাবীর আলী।

আমার কবিতা সংগ্রহ।

৯৮৩৬১০৭৯৫৭